# জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর

**www.nu.edu.bd** অথবা **www.nubd.info/honours**

স্মারক নং-জাতীঃবিঃ/পনি/অনার্স পার্ট-৩/বিজ্ঞপ্তি/০২(অংশ-২)২০১৭/২০১৮/ ২২৬৭

তারিখ ঃ ০৬ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ
২৭ মে ২০১৮ খ্রস্টাব্দ

## বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ সালের তৃতীয় বর্ষ অনার্স **(বিশেষ)** অনিয়মিত ও গ্রেডউন্নয়ন পরীক্ষার্থীদের আবেদন ফরমপূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম Online-এর মাধ্যমে সম্পন্ন করা হবে। পরীক্ষার আবেদন ফরম পূরণ ও জমাদানের তারিখ, আনুষঙ্গিক নিয়ম এবং শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো।

| ক্রম | পরীক্ষার্থীদের ফি-এর বিবরণ | টাকা | আবেদন ফরম, বিবরণী ফরম পূরণ শুরু ও শেষ তারিখ | ডাটা এন্ট্রির শেষ তারিখ | সোনালী সেবার মাধ্যমে টাকা জমার শুরু ও শেষ তারিখ | বিবরণী ফরম ও অন্যান্য কাগজপত্র জমাদানের শেষ তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ১. | তত্ত্বীয় (প্রতি পূর্ণ কোর্স) -বিশ্ববিদ্যালয়ে জমা হবে। | ২০০/- | ২৩/০৫/২০১৮ বুধবার হতে ২৪/০৬/২০১৮ রবিবার | ২৫/০৬/২০১৮ সোমবার | ২৬/০৬/২০১৮ মঙ্গলবার হতে ২৭/০৬ /২০১৮ বুধবার | ২৮/০৬/২০১৮ বৃহস্পতিবার |
| ২. | তত্ত্বীয় (প্রতি অর্ধ কোর্স) -বিশ্ববিদ্যালয়ে জমা হবে। | ১৪০/- | | | | |
| ৩. | ব্যবহারিক (প্রতি কোর্স) -বিশ্ববিদ্যালয়ে জমা হবে। | ২০০/- | | | | |
| ৪. | কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী)-কলেজে জমা হবে। | ৪৫০/- | | | | |
| ৫. | কেন্দ্র ফি ব্যবহারিক(প্রতি পরীক্ষার্থী)-কলেজে জমা হবে। (প্রযোজ্য ক্ষেত্রে) | ১২০/- | | | | |
| ৬. | ইন-কোর্স পরীক্ষা ফি (প্রতি পরীক্ষার্থী) - বিশ্ববিদ্যালয়ে জমা হবে। (প্রযোজ্য ক্ষেত্রে) | ১০০/- | | | | |
| ৭. | বিশেষ অন্তর্ভূক্তি ফি (গ্রেড উন্নয়ন/মানোন্নয়ন পরীক্ষার্থীর জন্য কোর্স প্রতি ফি এর অতিরিক্ত) প্রতি পরীক্ষার্থী - বিশ্ববিদ্যালয়ে জমা হবে। | ৩০০/- | | | | |

বিঃ দ্র ঃ নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফরম পূরণের জন্য শিক্ষার্থীদের অবহিত করতে হবে। ফরম পূরনের নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরম পূরণের কোন প্রকার সুযোগ নাই।

### আবেদন ফরম, বিবরণী ফরম, ফি জমাদান, ফরম সংগ্রহ ও অন্যান্য নিয়মাবলী ঃ

০১। আবেদন ফরম সংগ্রহ ঃ

ক) আবেদনকারীকে নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **www.nubd.info/honours** প্রিন্ট করে অথবা প্রিন্টকৃত কপি থেকে ফটোকপি করে নিতে পারবেন। পরীক্ষার্থী নিজে আবেদন ফরমপূরণ করার পর নির্ধারিত ফিসহ স্ব -স্ব বিভাগে জমা দিবে। আবেদন ফরমে বিষয়কোড ও ফি অবশ্যই উল্লেখ থাকবে।

খ) আবেদন ফরমের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি নির্ধারিত স্থানে আইকা আঠা দিয়ে লাগিয়ে এবং ০১ (এক) কপি ছবি ফরমের সাথে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

০২। পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী ঃ

ক) **অনিয়মিত ঃ ২০১১-২০১২ এবং ২০১২-২০১৩** শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ইতিপূর্বে অনার্স দ্বিতীয় বর্ষ পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়েছে এবং অনার্স তৃতীয় বর্ষের পরীক্ষায় নট প্রমোটেড বা অনুত্তীর্ণ হয়েছে কেবল মাত্র সে সকল শিক্ষার্থীরা ২০১৭ সালের অনার্স তৃতীয় বর্ষ (বিশেষ) পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে। উপরোল্লিখিত শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থীরা অনার্স দ্বিতীয় বর্ষ হতে তৃতীয় বর্ষে উত্তীর্ণ কিন্তু তৃতীয় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে নাই তারাও অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সকল কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

খ) **গ্রেড উন্নয়ন ঃ**

I. ২০১০-২০১১ শিক্ষা বর্ষের যে সকল শিক্ষার্থী নূন্যতম তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়েছে কিন্তু এক বা একাধিক পত্রে (F) গ্রেড রয়েছে অথবা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে কেবল মাত্র সে সকল শিক্ষার্থীরা **শেষবারের মতো** ২০১৭ সালের অনার্স তৃতীয় বর্ষ (বিশেষ) পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

II. ২০১১-২০১২ ও ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী নূন্যতম অনার্স দ্বিতীয় বর্ষ পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়েছে কিন্তু অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় এক বা একাধিক পরীক্ষায় কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে অথবা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে কেবলমাত্র সে সকল কোর্সে শিক্ষার্থীরা ২০১৭ সালের অনার্স তৃতীয় বর্ষ (বিশেষ) পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করবে।

III. যে সকল শিক্ষার্থী (শিক্ষাবর্ষ ২০১২-১৩) অনিয়মিত হিসাবে ২০১৬ সালের অনার্স তৃতীয় বর্ষ (বিশেষ) পরীক্ষায় অংশগ্রহণ করে ৪র্থ বর্ষে উত্তীর্ণ/ প্রমোটেড হয়েছে সে সকল শিক্ষার্থীরা যে সকল কোর্সে C বা D গ্রেড পেয়েছে তারা এরকম সর্বোচ্চ ২টি কোর্সে ২০১৭ সালের অনার্স তৃতীয় বর্ষ (বিশেষ) পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে। তবে কোন পরীক্ষার্থী একটি কোর্সে একবারের বেশি গ্রেড উন্নয়নের সুযোগ পাবে না। কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নয়ন করতে ব্যর্থ হয় তাহলে ঐ কোর্সে তার পূর্বের গ্রেড বহাল থাকবে।

০৩। অনার্স পাঠ্যসূচী (**Syllabus**) ঃ

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০০৯-২০১০ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী সকল শিক্ষার্থী এই পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ক) ১০০ নম্বরের তত্ত্বীয় কোর্সের মধ্যে ৮০ নম্বর চূড়ান্ত পরীক্ষা, ১৫ নম্বর ইন-কোর্স পরীক্ষা এবং ০৫ নম্বর ক্লাস উপস্থিতির ভিত্তিতে নির্ধারিত হবে। একই ভাবে ৫০ নম্বরের তত্ত্বীয় কোর্সের মধ্যে ৪০ নম্বর চুড়ান্ত পরীক্ষা, ০৭ নম্বর ইন-কোর্স পরীক্ষা এবং ০৩ নম্বর ক্লাস উপস্থিতির ভিত্তিতে নির্ধারিত হবে। ইন-কোর্স এবং ক্লাস উপস্থিতির নম্বর যোগ করে প্রতিটি কোর্সকোডের বিপরীতে একসাথে অনলাইনে প্রেরণ করতে হবে এবং প্রেরণকৃত নম্বরের প্রিন্টআউট সংশ্লিষ্ঠ শাখায় হাতে হাতে জমা দিতে হবে। এ ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যলয়ের ওয়েবসাইটে প্রকাশিত পরীক্ষা রেগুলেশনের কোর্সভিত্তিক নম্বর বন্টন অনুসরণ করতে হবে।

খ) প্রতি পূর্ণকোর্স ০৪ (চার) ক্রেডিট। পূর্ণমান-৮০, পরীক্ষার সময় ০৪ (চার) ঘন্টা।

গ) প্রতি অর্ধকোর্স ০২ (দুই) ক্রেডিট। পূর্ণমান-৪০, পরীক্ষার সময় ২.৫ (আড়াই) ঘন্টা।

ঘ) তৃতীয় বর্ষ থেকে চতুর্থ বর্ষে প্রমোশনের নুন্যতম যোগ্যতাঃ

- তৃতীয় বর্ষ থেকে চতুর্থ বর্ষে প্রমোশনের জন্য শিক্ষার্থীকে সকল পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। সকল বিষয়ে অংশগ্রহণ করে **কমপক্ষে চারটি তত্ত্বীয় কোর্সে D বা এর বেশি গ্রেড অর্জন করতে হবে** তৎসঙ্গে ব্যবহারিক কোর্সে উত্তীর্ণ হতে হবে।
- ০১ টি কোর্সে অনুপস্থিত থেকে অন্যান্য সকল কোর্সে D গ্রেড বা এর বেশি গ্রেড পেলে তার ফলাফল Conditional promoted হবে।
- একের অধিক কোর্সে অনুপস্থিত হলে অথবা একটি কোর্সে অনুপস্থিত থেকে অন্য একটি কোর্সে F গ্রেড পেলে Promotion হবে না, তার ফলাফল Not promoted হবে।
- promoted /Not promoted প্রাপ্ত শিক্ষার্থীরা পরবর্তী বছর শুধুমাত্র F গ্রেড পাওয়া এবং অনুপস্থিত কোর্সের পরীক্ষা দেবে এবং যারা ২০১৬ সালের (বিশেষ) পরীক্ষায় অংশগ্রহণ করেছে তারা একই সাথে C এবং D গ্রেড প্রাপ্ত সে সকল ০২টি কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে।
- **যে সকল শিক্ষার্থী অনার্স ১ম বর্ষের কোর্সসমূহে D বা এর বেশী গ্রেড না পাওয়া পর্যন্ত তৃতীয় বর্ষের অনার্স (বিশেষ) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে কিন্তু তার ফলাফল স্থগিত থাকবে।**

ঙ) যে সকল শিক্ষার্থী অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে চতুর্থ বর্ষে উত্তীর্ণ/অনুত্তীর্ণ/নট প্রমোটেড হয়েছে এবং এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে সে সকল কোর্সে শিক্ষার্থীরা ২০১৭ সালের অনার্স তৃতীয় বর্ষ (বিশেষ) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে F গ্রেড প্রাপ্ত কোর্স পরবর্তীতে পরীক্ষার মাধ্যমে উন্নীত করার ক্ষেত্রে ফলাফল যাই হোক না কেন একজন পরীক্ষার্থী সর্বোচ্চ B+ গ্রেড এর বেশি প্রাপ্ত হবে না।

চ) সংশোধিত পরীক্ষা রেগুলেশন অনুযায়ী একজন পরীক্ষার্থী F গ্রেড পাওয়া কোর্স/কোর্সসমূহ উচ্চতর গ্রেডে উন্নয়নের জন্য রেজিস্ট্রেশন মেয়াদে (শুরু থেকে সাত শিক্ষাবর্ষের মধ্যে) অবশ্যই D বা উচ্চতর গ্রেডে উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে সে ক্ষেত্রে মানোন্নয়নের সুযোগ থাকবে না।

ছ) ২০১০-২০১১, ২০১১-২০১২ এবং ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ইতিপূর্বে অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় একটি কোর্সে অনুপস্থিত থেকে অনার্স ৪র্থ বর্ষে প্রমোশন পেয়েছে সে সকল শিক্ষার্থী ২০১৭ সালের অনার্স তৃতীয় বর্ষ (বিশেষ) পরীক্ষায় উক্ত অনুপস্থিত কোর্সে অবশ্যই অংশগ্রহণ করতে হবে।

জ) ইন-কোর্স ও ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নীত করণের কোন সুযোগ নাই।

০৪। **কলেজের জন্য করণীয় ঃ**

ক) পরীক্ষার্থীদের পূরনকৃত আবেদন ফরম সঠিক ভাবে হয়েছে কি-না তা সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable list) এর সাথে যাচাই পূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদনগুলিকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে **www.nubd.info/honours** এ College Log in-এ প্রবেশ করে নিশ্চয়ন করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ স্বাক্ষর করবেন। Log in-এর জন্য ওয়েবসাইটে College Profile-কিংবা সংশ্লিষ্ট শাখা থেকে User ID & Password সংগ্রহ করা যাবে।

খ) প্রত্যেক পরীক্ষার্থী সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত) এর ০১(এক) কপি অনলাইনে প্রিন্টকৃত আবেদনফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দ্বারা সংযোজন করতে হবে এবং অপর ০১ (এক) কপি ছবি স্ব-স্ব বিভাগে সংরক্ষণ করবেন। বিশ্ববিদ্যালয় থেকে প্রবেশপত্র সরবরাহের পর নির্দিষ্ট স্থানে আঠা দিয়ে ছবি লাগিয়ে তার উপর অধ্যক্ষ কর্তৃক সত্যায়নের পর প্রবেশপত্র বিতরণ করতে হবে।

গ) নিশ্চয়ন সম্পন্ন হলে Online-এ পরীক্ষার্থীদের বিবরণী প্রিন্ট করতে হবে।

ঘ) তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষা বিষয়ক বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির জন্য বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে কার্যক্রম বন্ধ হয়ে যাবে বিধায় যথাসময়ে কলেজকে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।

ঙ) নিশ্চয়নের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের জন্য অনুরোধ করা হলো। ফরমপূরণ করা কোন পরীক্ষার্থীর নিশ্চয়ন যেন বাদ না যায় বা একজনের পরিবর্তে অন্য জনকে নিশ্চয়ন না করা হয় তা নিশ্চিত করতে হবে। নিশ্চয়নের পর ফরমপূরণ সংক্রান্ত কোন অভিযোগ গ্রহণ করা হবে না। শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লেখিত অনার্স বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরম পূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৫। ফি জমাদানের পদ্ধতি ঃ

ক) ২০১৭ সালের তৃতীয় বর্ষ অনার্স (বিশেষ) পরীক্ষার্থীদের ফি ডিজাইনকৃত নির্ধারিত জমা ফরম বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **www.nu.edu.bd** থেকে ডাউনলোড করে "সোনালী সেবা"-এর মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিতে হবে।

খ) সংশ্লিষ্ট কলেজ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **www.nu.edu.bd** এর **Service menu** > Sonali Seba থেকে pay slip ডাউনলোড করতে হবে। pay slip -এ সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর উল্লেখ পূর্বক মোট টাকার অংক লিখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

গ) pay slip সংগ্রহের জন্য ২৬/০৬/২০১৮ তারিখ মঙ্গলবার সকাল ১০.০০ টা থেকে ২৭/০৬/২০১৮ তারিখ বুধবার বিকাল ০৪.০০টা পর্যন্ত Link active থাকবে। **নির্ধারিত সময়ের পূর্বে অথবা পরে** pay slip ডাউনলোড করা এবং টাকা জমা দেয়া যাবে না। ব্যাংকে প্রচলিত অন্য কোন ফরমে টাকা জমা প্রদান করা হলে পরবর্তীতে উদ্ভূত জটিলতার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঘ) **"সোনালী সেবা" সংক্রান্ত প্রয়োজনে ০১৮৬৭০৬৫১১১ মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে।**

০৬। বিবরণী ফরম জমাদানের নিয়মাবলী ঃ

ক) বিবরণী ফরমের ডাটা সঠিকভাবে এন্ট্রি প্রিন্টআউট নিয়ে সংশ্লিষ্ট পরীক্ষার্থী, বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষর হওয়ার পর অনার্স বিষয়ভিত্তিক সংরক্ষণ উপযোগী বাঁধাই করে তার উপর কলেজের নাম ও অনার্স বিষয়ের নাম সুস্পষ্ট করে লিখে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায়/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে জমা দিতে হবে এবং তার ফটোকপি কলেজে সংরক্ষণ করতে হবে। **বাঁধাইকৃত বিবরণী ফরম উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, তৃতীয় বর্ষ অনার্স শাখা/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে হাতে হাতে জমা দিতে হবে।**

খ) আঞ্চলিক কেন্দ্রের ঠিকানা ঃ

| | | |
|---|---|---|
| **জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র, রাজশাহী**<br>বাড়ী # ০৫, রোড # ০১, গ্রীণ ভিলা,<br>পারিজাত আ/এ, ভদ্রা, রাজশাহী।<br>ফোনঃ ০৭২১-৭৬২১৪১<br>মোবাইল -০১৭১৬৭৮৩৭৩১ | **জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলি কেন্দ্র, চট্টগ্রাম**<br>বাড়ি নং ৬৬/ডি, রোড নং ০১ (জামে মসজিদ সংলগ্ন), দক্ষিণ খুলশি, চট্টগ্রাম) চট্টগ্রাম<br>ফোনঃ ০৩১-২৮৫৫৮২৮, ০১৭১৩০১৮৭৭৮ | **জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র, সিলেট**<br>আহাদ ভিলা, পাঠানটুলা পয়েন্ট, সিলেট।<br>ফোনঃ ০৮২১-৭২৯১০২,<br>০১৭৩০৭৯৫৮৯৭ |
| **জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র, খুলনা**<br>বাড়ী # ২৭৭, রোড # ০১, সোনাডাঙ্গা (কেডিএ), আবাসিক এলাকা-২, সোনাডাঙ্গা, খুলনা-৯০০০।<br>ফোনঃ ০৪১-৭৩১৬৭৩, ০১৭১১৩৬৩৫৫২ | **জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র, বরিশাল**<br>বাড়ির নাম-রেইন ফরেস্ট, হোল্ডিং নং # ১০০০, ওয়ার্ড # ১২, মেডিক্যাল লেন, দক্ষিণ আলেকান্দা,<br>বরিশাল-৮২০০।<br>ফোনঃ ০৪৩১-৬১১৬৮ | **জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র, রংপুর**<br>বাড়ী # ৩৯০, জি এল রায় রোড, পূর্ব কামাল কাছনা, রংপুর ৫৪০০।<br>ফোনঃ ০৫২১-৫৬০১৫,<br>০১৭৩০৭৯৫৮৯৮ |
| **পরীক্ষা বিভাগ, ৩য় বর্ষ অনার্স শাখা, জাতীয় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, গাজীপুর। ফোন: ০২-৯২৯১০৪১ (ঢাকা বিভাগের জন্য)** | | |

০৭। ইনকোর্স নম্বর প্রেরণের পদ্ধতি ঃ

কলেজ কর্তৃপক্ষ পরীক্ষার্থীদের প্রতিটি পত্রের ইনকোর্স নম্বর আবেদন ফরম পূরণের সময়েই নির্ধারিত সফট্ওয়্যারের Online এ পরীক্ষার্থীদের রোল নম্বরের বিপরীতে প্রাপ্ত নম্বর এন্ট্রি করে প্রেরণ করবেন। প্রেরিত নম্বরের প্রিন্ট কপি যাচাই করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হওয়ার পর কপিগুলো বিষয়ওয়ারী আলাদা খামে গালাসিল করে বিবরণী জমা দেয়ার সময়ই উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, তৃতীয় বর্ষ অনার্স শাখায় হাতে হাতে জমা দিতে হবে এবং এক কপি সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে। **উল্লেখ্য যে, ইতিপূর্বে যাদের ইনকোর্স নম্বর প্রেরণ করা হয়েছে তাদের Online এ ইনকোর্স নম্বর প্রেরণের প্রয়োজন নাই তবে ম্যানুয়াল নম্বর শাখায় প্রেরণ করতে হবে।**

০৮। ব্যবহারিক নম্বর প্রেরণঃ

ওয়েব সাইটে নির্দিষ্ট সফ্টওয়ার এবং তার নির্দেশনা অনুযায়ী ব্যবহারিক নম্বর প্রেরণ করতে হবে। নির্দিষ্ট সফ্টওয়ারে পরীক্ষার্থীর নাম, রোল নম্বর, রেজিঃ নম্বর এবং প্রাপ্ত মোট নম্বর এন্ট্রি হওয়ার পর অনার্স বিষয়ভিত্তিক ০২ (দুই) কপি প্রিন্ট নিতে হবে। উক্ত প্রিন্ট কপি দুইটি বিভাগীয় প্রধান,অভ্যন্তরীন ও বহিঃ পরীক্ষকের স্বাক্ষর হওয়ার পর এক কপি **উপ-পরীক্ষা নিয়ন্ত্রক তৃতীয় বর্ষ অনার্স শাখায় হাতে হাতে জমা দিতে হবে** এবং অন্য কপিটি কলেজ সংরক্ষণ করবে। **উল্লেখ্য যে, ইতিপূর্বে যাদের ব্যবহারিক নম্বর প্রেরণ করা হয়েছে তাদের Online এ ব্যবহারিক নম্বর প্রেরণের প্রয়োজন নাই তবে ম্যানুয়াল নম্বর শাখায় প্রেরণ করতে হবে।**

০৯। পরীক্ষা পরিচালনা ব্যয় নির্বাহ ঃ

ক) কেন্দ্র ফি বাবদ প্রাপ্ত অর্থ দ্বারা সংশ্লিষ্ট কেন্দ্র কর্তৃপক্ষ পরীক্ষা পরিচালনার যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। জাতীয় বিশ্ববিদ্যালয় হতে উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য কাগজপত্র ও দ্রব্যাদি গ্রহণ করার প্রয়োজনীয় খরচ কেন্দ্র ফি হতে নির্বাহ করতে হবে। কেন্দ্র ফি ৪৫০/-টাকার মধ্যে ৩০০/-টাকা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (যে কেন্দ্রে সংশ্লিষ্ট কলেজের পরীক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে) নিকট পরীক্ষা অনুষ্ঠানের ০৩ (তিন) দিন পূর্বেই জমা দিতে হবে। অবশিষ্ট ১৫০/-টাকা অর্থ দ্বারা সংশ্লিষ্ট কলেজের পরীক্ষা সংক্রান্ত ব্যয় নির্বাহ করতে হবে। ব্যবহারিক পরীক্ষার জন্য রাসায়নিক বা অন্যান্য আনুষঙ্গিক দ্রব্যাদি ক্রয়ের জন্য বিশ্ববিদ্যালয় হতে কোন অর্থ প্রদান করা হবে না।

খ) ব্যবহারিক পরীক্ষা স্ব-স্ব কলেজে (প্রয়োজনীয় সংখ্যক পরীক্ষার্থী থাকা সাপেক্ষে) অনুষ্ঠিত হবে। সেক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ সংশ্লিষ্ট কলেজ ব্যবহার করবে। ব্যবহারিক পরীক্ষার তারিখ ও সময় তত্ত্বীয় পরীক্ষা শেষে যথাসময়ে জানানো হবে।

**পরীক্ষার সময়সূচী, ফরম পূরণের নিয়মাবলী, বিষয়/কোর্স কোডের তালিকা এবং অন্যান্য যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট** **www.nubd.info/honours** অথবা **www.nu.edu.bd** থেকে জানা যাবে।

(বদরুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
ফোন # ০২-৯২৯১০১৭

স্মারক নং-জাতীঃবিঃ/পনি/অনার্স পার্ট-৩ /বিজ্ঞপ্তি/০২(অংশ-২)২০১৭/২০১৮/ ১১৮৭

তারিখ ঃ ০৩ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ
১৭ মে ২০১৮ খ্রস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

০১। ডীন ( সকল), জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
০২। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
০৩। পরিচালক ( অর্থ ও হিসাব), জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
০৪। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
০৫। পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর ।
০৬। পরিচালক, তথ্য, পরামর্শ ও নির্দেশনা ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর ।
০৭। অধ্যক্ষ, অনার্স পাঠদানকারী কলেজসমূহ। (সংশ্লিষ্ট সকলকে জরুরীভিত্তিতে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
০৮। সচিব ও উপ-রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
০৯। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
১০। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
১১। সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
১২। ম্যানেজার, সোনালী ব্যাংক, জাতীয় বিশ্ববিদ্যালয় শাখা, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, গাজীপুর।
১৩। অফিস কপি।

১৭/৫/১৮

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
তৃতীয় বর্ষ অনার্স
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
ফোন ০২-৯২৯১০৪১